গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ভেড়ামারা, কুষ্টিয়া।

স্মারক নং-৩৩.০১.৫০১৫.০০০.২৯.১৫১.২৫- ২৭৯ তারিখঃ ২০/১০/২০২৫ ইং।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়ঃ ০১(এক) জন ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নিয়োগ প্রদান প্রসঙ্গে।

প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ভেড়ামারা, কুষ্টিয়া এর আওতায় বিশুদ্ধ জাতের ব্ল্যাক বেঙ্গল ছাগল ও দেশীয় ভেড়া সম্প্রসারণ প্রকল্পের জন্য ১জন ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন করা হবে।

ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচনের শর্তঃ

১। ভেড়ামারা উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।

২। বয়স ২৫-৪৫ বৎসর(বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়)

৩।শিক্ষাগত যোগ্যতাঃনুণ্যতম এস.এস.সি/সমমান পাশ(বিজ্ঞান)(এইচ.এস.সি/কর্মমুখী শিক্ষায় সনদপ্রাপ্ত এবং পুর্বে প্রাণিসম্পদের কোন প্রকল্প অথবা এনজিও কর্তৃক বাস্তবায়িত কোন কৃষি সংশ্লিষ্ট প্রকল্পে কর্মরত ছিলেন এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৪। এন্ড্রয়েড মোবাইল থাকতে হবে।

৫। ডাটা ইনপুট(প্রকল্প ভিত্তিক সফটওয়্যারে) দেওয়ার যোগ্যতা থাকতে হবে।

✔ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী ভাতাঃ ১৫০০০/-(পনের হাজার টাকা)।

✔ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মীর মেয়াদকালঃ যোগদানের তারিখ হতে ৩০/০৬/২০২৮ খ্রি.।

আবেদনপত্র ২৬ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে নিম্নসাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্র:

ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র(অভিজ্ঞতার সনদপত্রসহ)

খ) ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি।

গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

ঙ)প্রথম শ্রেণির গ্রেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নারিকত্বের সনদপত্র।

* আবেদনপত্রে নিজ মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে।
* নিয়োগ পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তী সময়ে এস এম এসের মাধ্যমে জানানো হবে।
* নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

20.10.2025

(ডাঃ কানিস ফারজানা)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ভেড়ামারা, কুষ্টিয়া।

CamScanner